দৈনিক ইত্তেফাক

তারিখ MAR 23 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

৪৪

সেমিনারে অভিমত

# শিক্ষানীতি প্রণয়ন কমিটির সুপারিশ সম্পূর্ণ প্রতিক্রিয়াশীল ধ্যান-ধারণাপুষ্ট

ইত্তেফাক রিপোর্ট ।। গত রবিবার টিএসসি মিলনায়তনে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সুপারিশমালার উপর আয়োজিত এক সেমিনারে বলা হইয়াছে, বর্তমান শিক্ষা-

( ১২ পৃঃ দ্রঃ)

## সেমিনারে অভিমত

( ৩য় পৃঃ পর )

নীতি প্রণয়ন কমিটির সুপারিশ সম্পূর্ণ প্রতিক্রিয়াশীল ধ্যান-ধারণাপুষ্ট ও জনস্বার্থ বিরোধী। এ সুপারিশের ফলে জনগণতন্ত্র প্রতিষ্ঠার দিকে আগাইয়া যাওয়ার সকল সম্ভাবনাই আমরা হারাইয়াছি।

বাংলাদেশ নীতি নিরীক্ষণ কেন্দ্র আয়োজিত এই সেমিনারে সভাপতিত্ব করেন কেন্দ্রের কার্যনির্বাহী পরিচালক অধ্যাপক মোফাজ্জালুল হক। আলোচনায় অংশ নেন গণতান্ত্রিক বিপ্লবী জোট নেতা বদরুদ্দিন উমর, জাতীয় গণফ্রন্টের নেতা টিপু বিশ্বাস, বাসদ নেতা আকম মাহবুবুল হক, নুর মোহাম্মদ প্রমুখ। মূল প্রবন্ধ পাঠ করেন গণসংস্কৃতি পরিষদের সভাপতি অধ্যাপক ম, নূরুন্নবী। সেমিনারে বলা হয়, ডঃ কুদরাত এ খুদা শিক্ষা কমিশনের প্রতিবেদন পুরাপুরি বিজ্ঞানসম্মত, শ্রেণীবৈষম্যহীন নিয়তিবাদ বা ভাববাদ বিরোধী বা প্রগতিশীল ছিল না। ইহা পুরাপুরি সামন্তবাদী ধ্যান-ধারণা পরিহার করিতে পারে নাই। কিন্তু তবুও ইহার মাধ্যমে দেশের গণতান্ত্রিক শক্তির অনেক দাবীই অর্জিত হইয়াছিল। আর বর্তমান শামসুল হক জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সুপারিশে সেইটুকুও হারাইয়াছে। এই সুপারিশের মূল লক্ষ্য হইল বাংলাদেশকে একটি ইসলামী মৌলবাদী রাষ্ট্রে পরিণত করা।